



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০।
www.bac.gov.bd

স্মারক নং. বিএসি/বগমাপ্র/গবেষণা (প্রধান নথি)/২০২৩-২৪/০১৪-৬৫৭

তারিখ: ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

দেশের উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) দেশের উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে জ্ঞান আহরণ ও সৃজনের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও গবেষকগণের নিকট থেকে ২০২৩-২৪ অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে। গবেষণা প্রস্তাব প্রণয়ন ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

- বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর ওয়েবসাইটে (www.bac.gov.bd) প্রদত্ত ফরমেট (বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২; পরিশিষ্ট ক) অনুসরণপূর্বক তিন (০৩) সেট গবেষণা প্রস্তাব (হার্ড কপি) **২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা), ১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় দাখিল করতে হবে। এক সেট সফট কপি (এম এস ওয়ার্ড) নিম্নস্বাক্ষরকারীর ইমেইলে প্রেরণ করতে হবে।
- গবেষণা প্রস্তাবের শিরোনাম, ক্ষেত্র এবং লক্ষ্য ও উদ্দেশ্য অবশ্যই ‘বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২’-এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
- গবেষকগণকে এককভাবে গবেষণা সম্পাদনে উদ্বুদ্ধ করা হচ্ছে, তবে যৌথভাবেও গবেষণা সম্পাদন করা যাবে। ক্ষেত্রমতে, অবসরপ্রাপ্ত বা বিদেশে অবস্থানকারী কোনো গবেষক বাংলাদেশে কর্মরত কোনো গবেষকের সাথে যৌথভাবে গবেষণা প্রস্তাব প্রণয়ন ও দাখিল করতে পারবেন। এছাড়াও প্রকল্প চলাকালে গবেষক প্রয়োজন মনে করলে বিএসি’র অনুমতিক্রমে একজন সহযোগী গবেষক ও একজন গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন।
- বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২ -এর পরিশিষ্ট ক তে প্রদর্শিত Part-A-Project information; Part-B-Logical interpretation; Part-C-Budget; Part-D-Project completion plan; Part-E-Short CV of the Researcher(s) অনুসরণক্রমে গবেষণা প্রস্তাব দাখিল করতে হবে।
- গবেষণা প্রস্তাবসহ সংশ্লিষ্ট কাগজাদি অবশ্যই গবেষকের কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে। তবে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলে উপ-উপাচার্য বা রেজিস্ট্রার বা পরিচালক (রিসার্চ)-এর প্রতিস্বাক্ষরে গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে। মহাবিদ্যালয়ে কর্মরত গবেষকগণের গবেষণা প্রস্তাব মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে।
- মুখ্য গবেষক হিসেবে একজন গবেষকের একাধিক গবেষণা প্রকল্প চলমান থাকলে তাঁকে গবেষণা প্রস্তাব দাখিলে নিরুৎসাহিত করা হচ্ছে।
- গবেষণা প্রস্তাব সংক্রান্ত যেকোন তথ্যের জন্য গবেষকগণ নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-


10.01.2023

(ফারজানা শারমিন)

উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা, মানদণ্ড, ও প্রকাশনা)

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

টেলিফোন (অফিস): ০২-২২২২২৯৩১৯

ইমেইল: farzana1205@yahoo.com